# Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 20 May, 2025

ভোলা সদর উপজেলার ভেদুরিয়া ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের চর ভেদুরিয়া গ্রামে জমির মালিকানা দ্বন্দ্বে জমিতে থাকা বিভিন্ন প্রজাতির প্রায় দুই লক্ষ টাকার গাছ কেটে ক্ষতি করার অভিযোগ উঠেছে একই ইউনিয়নের বাসিন্দা আমিনুল হক হাওলাদার এর ছেলে ইকবাল হোসেন ও জসিম, মহাসিন হাওলাদার এর ছেলে রুবেল এবং হাফিজুল হক হাওলাদার এর ছেলে মহাসিন এর বিরুদ্ধে।

মঙ্গলবার (২০ মে) সরজমিনে গিয়ে দেখা যায়, চর ভেদুরিয়ার মোশাররফ চৌকিদার বাড়িতে থাকা বিভিন্ন প্রজাতির গাছ কেটে ক্ষতি করা হয়। কেটে ফেলা গাছ এখনো সেখানে পড়ে আছে।ক্ষতিগ্রস্ত মোশাররফ হোসেন ও মনির হোসেন বলেন, আমরা এই জমি ৩০ বছর আছে ক্রয় করেছি।সেখান থেকে এখনো বসবাস করে আসছি।হঠাৎ করে গত কয়েকদিন যাবত ইকবাল ও রুবেল গংরা আমাদের জমি তারা পাবে বলে দাবি করে আমাদেরকে বিভিন্ন ভাবে হয়রানি করছে।এ নিয়ে তাদের কে কাগজ নিয়ে একাধিকবার বসার কথা বললেও তারা তা মানছে না। তারা কোন কারন ছাড়াই গতকাল সোমবার সকাল দশটায় ইকবাল ও রুবেলা গংরা কয়েকজন সন্ত্রাসী নিয়ে এসে আমাদের বাড়ির গাছ গুলো কেটে ফেলেছে।কেন গাছ কাটছে জিজ্ঞাসা করলে তার মনির হোসেন কে দ্যা নিয়ে দৌড়ানি দেয়।আমার মা বৃদ্ধ মানুষ, তার প্রায় ১ শত বছর বয়স।তারা আমার এই অসুস্থ মাকে ধাক্কা দিয়ে মাটিতে ফেলে দেয় এবং আমার ঘরে ভাঙচুর করে।

এ বিষয়ে অভিযুক্ত রুবেল ও ইকবাল এর কাছে গাছ কাটার কারন জানতে চাইলে তারা বলেন আমাদের জমির গাছ আমরা কাটছি।

এ ঘটনায় ভোলা কোর্টে একটি মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

দ্বন্দ্ব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 05:58

URL: https://www.timestodaybd.com/barishal/8014742754